

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩৩৩

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. সাহ্উ সিজদা ও অন্যান্য সিজদা প্রসঙ্গ - যে ব্যক্তি সন্দেহ করে কিন্তু কোনটিই তার নিকট প্রাধান্য পায়নি তার বিধান

আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «إِذَا شَكَّ أَحَدُكُمْ فِي صَلَاتِهِ, فَلَمْ يَدْرِ كَمْ صَلَّى أَثْلَاثًا أَوْ أَرْبَعًا فَلْيَطْرَحِ الشَّكَّ وَلْيَبْنِ عَلَى مَا اسْتَيْقَنَ, ثُمَّ يَسْجُدُ سَجْدَتَيْنِ قَبْلَ أَنْ يُسَلِّمَ, فَإِنْ كَانَ صَلَّى خَمْسًا شَفَعْنَ [لَهُ] صَلَاتَهُ, وَإِنْ كَانَ صَلَّى خَمْسًا شَفَعْنَ [لَهُ] صَلَاتَهُ, وَإِنْ كَانَ صَلَّى تَمَامًا كَانَتَا تَرْغِيمًا لِلشَّيْطَانِ». رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (571) وترغيما: أي: إلصاقا لأنفه بالتراب، والمراد: رده خاسئا. وإهانته وإذلاله

বাংলা

৩৩৩. আবৃ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যদি তোমাদের কেউ সালাতে এই বলে সন্দেহ পোষণ করে যে সে তিন রাক'আত আদায় করেছে না চার রাক'আত, তবে সে যেন সন্দেহকে পরিত্যাগ করে এবং যার প্রতি নিশ্চিত মনে হবে তার উপর ভিত্তি করে সালাত আদায় করবে। অতঃপর শেষে সালাম ফিরার পূর্বে দু'টো সাহউ সিজদা করবে। ফলতঃ যদি সে পাঁচ রাক'আত আদায় করে থাকে তাহলে সাহউ সিজদার ফলে তার সালাত জোড়া বানিয়ে দিবে অর্থাৎ ৬ রাক'আত পূর্ণ হবে। আর যদি সালাত পূর্ণ হয়ে থাকে তবে সাহউ সিজদা দু'টি শয়তানের জন্য নাক ধূলায় ধূসরিত বা অপমানের কারণ হবে।[1]

ফটনোট

[1] মুসলিম ৫৭১, তিরমিয়ী ৩৯৬, নাসায়ী ১২৩৮, ১২৩৯, আবূ দাউদ ১০২৪, ১০২৬, ১০২৯, ইবনু মাজাহ ১২০৪,



১২১০, আহমাদ ১০৬৯৮, ১০৯২৭, ১০৯৯০, মুওয়াত্তা মালেক। ২১৪, দারেমী ১৪৯৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন